দৈনিক
ইনকিলাব

তারিখ ... 8 DEC 2012 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

১২ দফা আদায়ে বিভাগীয় পর্যায়ে প্রাথমিক শিক্ষক সমিতির সমাবেশ কর্মসূচি

স্টাফ রিপোর্টার : প্রধান শিক্ষকদের গেজেটেড মর্যাদা, যোগ্যতাভিত্তিক স্বতন্ত্র বেতন স্কেল, পদোন্নতির জটিলতা নিরসন ও বিদ্যালয় ভিত্তিক পরীক্ষা পদ্ধতি প্রবর্তনসহ ১২ দফা দাবিতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি বিভাগীয় পর্যায়ে কর্মী সমাবেশ করার কর্মসূচি ঘোষণা দিয়েছে। গতকাল মতিঝিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত কেন্দ্রীয় কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২১ ডিসেম্বর চট্টগ্রাম, ২২ ডিসেম্বর সিলেট, ২৪ ডিসেম্বর রাজশাহী, ২৫ ডিসেম্বর বরিশাল, ২৭ ডিসেম্বর ফরিদপুর, ২৮ ডিসেম্বর খুলনা, ১১ জানুয়ারি ঢাকা ও ১৮ জানুয়ারি রংপুর বিভাগে বিভাগীয় কর্মী সমাবেশ আহবান করা হয়েছে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: আবুল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম তোতা, আয়েশা বেগম, মোয়াজ্জেম হোসেন মানিক, মো: জুলফিকার আলী, সুব্রত রায়, আবুল কাশেম, ওয়াহিদুর রহমান ও সুবল দাস প্রমুখ।